

# বেজা ও বেপজাকে একীভূত করার প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক >

আশির দশকে প্রতিষ্ঠিত বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (বেপজা), আর ২০১০ সালে গঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলের (বেজা) কাজের ধরন একই। দেশ-বিদেশি বিনিয়োগ আনা। বিনিয়োগকারীদের জন্য দুটি সংস্থার প্রণোদনার ধরন ও বৈশিষ্ট্য একই। দুটি সংস্থার বোর্ড অব গভর্ন্যান্সের সদস্য একই। ফলে একজন বিনিয়োগকারী বিভ্রান্ত হন কোথায় বিনিয়োগ করবেন বেজাতে নাকি বেপজায়। এমন বিভ্রান্তি এড়াতে দুই সংস্থাকে একীভূত করা জরুরি। সরকারি একমাত্র গবেষণা সংস্থা বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। বিআইডিএস বলছে, যেভাবে দুটি সংস্থা চলেছে, তাতে এক ধরনের অসুস্থ প্রতিযোগিতা শুরু হবে, যা দেশের অর্থনীতির জন্য ভালো হবে না। গবেষণা প্রতিবেদনটি আজ বৃহস্পতিবার রাজধানীর হোটেল লেকশোরে আয়োজিত দুই দিনের বিআইডিএস গবেষণা বর্ষপঞ্জি উপলক্ষে প্রকাশ করার কথা রয়েছে। দুই দিনের এই অনুষ্ঠানে মোট ২২টি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হবে। গতকাল বৃহবার প্রথম দিন ১১টি গবেষণা প্রতিবেদন ও দ্বিতীয় দিন ১১টি গবেষণা প্রতিবেদন প্রকাশ করার কথা রয়েছে। অর্থনৈতিক অগ্রগতিতে বেজা ও বেপজার ভূমিকা নিয়ে গবেষণাটি করেছেন বিআইডিএসের গবেষণা পরিচালক মোহাম্মদ ইউনুস ও আবদুল হাই মণ্ডল। বিআইডিএসের গবেষণায় দেখানো হয়েছে, মুক্তবাজার অর্থনীতির যুগে বাংলাদেশে শিল্পায়নের মাধ্যমে দ্রুত অর্থনৈতিক উন্নতির জন্য আশির দশকে প্রতিষ্ঠিত হয়েছিল বেপজা। এখন পর্যন্ত দেশে আটটি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল গড়ে উঠেছে। এর মধ্যে চারটি ইপিজেড বেশ ভালো চলেছে। বাকিগুলোতে এখনো প্লট খালি পড়ে আছে। উদাহরণ দিয়ে বলা হয়েছে, কুমিল্লা ইপিজেড একটি আছে। সেটিকে কার্যকর না করে



বিআইডিএসের গবেষণায় বলা হয়, দুটি সংস্থার বৈশিষ্ট্য একই। দুটি সংস্থার বোর্ড অব গভর্ন্যান্সের সদস্য একই। ফলে একজন বিনিয়োগকারী বিভ্রান্ত হন কোথায় বিনিয়োগ করবেন—বেজায় নাকি বেপজায়। এমন বিভ্রান্তি এড়াতে দুই সংস্থাকে একীভূত করা জরুরি

পাশেই অর্থনৈতিক অঞ্চল অনুমোদন দেওয়া হয়েছে। সুবিধা একই। তাহলে একজন বিনিয়োগকারী কোথায় বিনিয়োগ করবে। নীলফামারীতে আরেকটি অর্থনৈতিক অঞ্চল করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অথচ আগে থেকেই সেখানে একটি ইপিজেড রয়েছে, যেখানে এখনো প্লট খালি পড়ে আছে। গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, একই জেলায় দুই ধরনের ব্যবস্থা। এক জায়গায় ইপিজেড। অন্যখানে এসইজেড। দেশের অন্য জেলায়ও একই অবস্থা। বিআইডিএসের গবেষণা পরিচালক মোহাম্মদ ইউনুস বলেন, যদি আপনি মনে করেন, বেপজা কাজ করছে না। তারা ব্যর্থ। বেজা ভালো কাজ করছে। তাহলে

আপনি দুটি সংস্থাকে একীভূত করে দেন। তা না করলে এক ধরনের অসুস্থ প্রতিযোগিতা শুরু হবে দুই সংস্থার মধ্যে। সেটি কারো জন্য কাম্য হতে পারে না। উদাহরণ দিয়ে তিনি বলেন, সরকার যখন দেখেছে, বিনিয়োগ বোর্ড ও বেসরকারীকরণ কমিশন কাজ করছে না। দুটি সংস্থাকে একীভূত করে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ করা হয়েছে। এখানেও নতুন নামে একীভূত করা যেতে পারে।

গবেষণায় দেখানো হয়েছে, বর্তমানে ইপিজেডে তিন কাটাগরির কারখানা আছে। প্রথম কাটাগরি হলো শতভাগ রপ্তানিমুখী। দ্বিতীয় কাটাগরি দেশি ও বিদেশি যৌথ। আর তৃতীয় কাটাগরি দেশীয় কম্পানি। বিদেশি বিনিয়োগ আনার ক্ষেত্রে বেপজা ভূমিকা রাখছে। অন্যদিকে ২০১০ সালে সরকার বেজা গঠন করে। আগামী ১৫ বছরে সারা দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল করার ঘোষণা রয়েছে সরকারের। এরই মধ্যে ৭৯টি অর্থনৈতিক অঞ্চল অনুমোদন দেওয়া হয়েছে। বিআইডিএস বলছে, দুটি সংস্থার আইনি কাঠামো এক। কর রেয়াতের সুবিধাও একই। বোর্ড অব গভর্ন্যান্সের কাঠামো সমান। ইপিজেডে বিদেশি বিনিয়োগকারীদের পাশাপাশি দেশীয় বিনিয়োগকারীও বিনিয়োগ করতে পারে। অর্থনৈতিক অঞ্চলে দেশি-বিদেশি বিনিয়োগকারীও বিনিয়োগ করতে পারে। মোহাম্মদ ইউনুস বলেন, দুটি সংস্থার কাজের ধরন একই। আপনি দুটি সংস্থাকে একীভূত করলে কাজের গতি আসবে। বিনিয়োগকারীও বিভ্রান্ত হবে না।

এদিকে আজ আরো ১০টি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হবে। যেখানে জলবায়ু পরিবর্তনের কারণে ধান উৎপাদনে কিভাবে ক্ষতি হয়, সেটি দেখানো হবে একটি গবেষণায়। পণ্য রপ্তানিতে বৈচিত্র্য আনতে কী করণীয়। নারীর প্রতি সহিংসতা, শ্রমশক্তি ও জনসংখ্যার বোনাসকালকে কিভাবে কাজে লাগানো যেতে পারে এসব বিষয়ও উঠে আসবে।